# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৫৫২

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

### আরবী

وَعَنْ أَنَسٍ: قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ تَوَضَّأَ فَأَحْسَنَ الْوُضُوءَ وَعَادَ أَخَاهُ الْمُسْلِمَ مُحْتَسِبًا بُوعِدَ مِنْ جَهَنَّمَ مسيرَةَ سِتِّينَ خَرِيفًا» . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

১৫৫২-[৩০] আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি সাওয়াবের নিয়্যাতে ভাল করে উযূ (ওযু/ওজু/অজু) করার পর তার কোন অসুস্থ মুসলিম ভাইকে দেখতে যায়, তাকে জাহান্নাম থেকে ষাট বছরের পথ দূরে রাখা হবে। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৩০৯৭, য‘ঈফ আত্ তারগীব ২০২৫, য‘ঈফ আল জামি‘ আস্ সগীর ৫৫৩৯। শায়খ আলবানী (রহঃ) বলেন, এর সানাদে ফাযল বিন দালহাম আল ওয়াসিত্বী রয়েছে যিনি স্মৃতিশক্তিগত ত্রুটির কারণে একজন দুর্বল রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ত্বীবী বলেন, রুগীর খোঁজ-খবর নেয়ার সময় উযূ (ওযু/ওজু/অজু) করা সুন্নাহ, কেননা সে দু‘আ করল পবিত্র অবস্থায় যা দু‘আ কবূল হওয়াতে অতি কার্যকরী ভূমিকা পালন করে।

আর যায়নুল আরব বলেনঃ সম্ভবত উযূ (ওযু/ওজু/অজু) করার হিকমাহ্ হল রুগীর খোঁজ-খবর ও দেখতে যাওয়া একটি ‘ইবাদাত, সুতরাং ‘ইবাদাত পরিপূর্ণ পদ্ধতিতে আদায় করা উত্তম।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56112

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন